

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১১.২৭০.২২-১৪৪

তারিখ: ০৭ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
২১ জুন ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: শান্তির হাট ইসলামিয়া মাধ্যমিক বিদ্যালয়, ভোলা এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাবের বিপরীতে মন্ত্রণালয়ে মতামত প্রেরণ।

সূত্র: (১) ৩৭.০২.০০০০.১০৭.০১.৯০.২০২১/২৭; তারিখ: ১৩/০২/২০২২ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)
(২) ডিআইএ/ভোলা/১৫৩৫-এস/খুলনা:২৫৬০; তারিখ: ০৮/১২/২০১৯ খ্রি. (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ১২/১০/২০১৮ খ্রি. ভোলা জেলার ভোলা সদর উপজেলাধীন শান্তির হাট ইসলামিয়া মাধ্যমিক বিদ্যালয়টি পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের দফাওয়ারী ব্রডশিট জবাব প্রতিষ্ঠান প্রধান, জেলা শিক্ষা অফিসার এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মতামতসহ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে এ কার্যালয়ে প্রেরণ করা হয়। প্রাপ্ত ব্রডশিট জবাব পর্যালোচনায় দেখা যায়, ভোলা জেলার সদর উপজেলাধীন শান্তির হাট ইসলামিয়া মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত সহকারী গ্রন্থাগারিক জনাব মো. হানিফ এর বিপরীতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা সনদটি দারুল ইহসান বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি ক্যাম্পাস হতে অর্জিত, যাহা গ্রহণযোগ্য নয় এমন অভিযোগ উত্থাপিত হয়। প্রতিষ্ঠান প্রধান বর্ণিত অভিযোগের বিষয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে আমাদের সময় পত্রিকায় প্রকাশিত সরকার ও কমিশন কর্তৃক অনুমোদিত ৭৯টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নাম ও অনুমোদিত ক্যাম্পাসের ঠিকানা সম্বলিত একটি পত্রের আলোকে অভিযোগটি নিষ্পত্তির বিষয়টি উল্লেখ করেন। উত্থাপিত অভিযোগটির বিষয়ে উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মন্ত্রণালয়ের সিদ্ধান্ত কামনা করেন, কিন্তু সুস্পষ্ট ও সুনির্দিষ্ট মতামত প্রদান করেননি।

০২। এমতাবস্থায়, বর্ণিত অভিযোগটির বিষয়ে দালিলিক প্রমাণসহ বিধি-বিধানের আলোকে সুস্পষ্ট মতামত মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

[দৃষ্টি আকর্ষণ: উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর]


(মোহা: লিয়াকত আলী)
উপসচিব
ফোন: ০২৫৫১০০৮১৭

সদয় অবগতির জন্য অনুলিপি (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল
- ৪। জেলা শিক্ষা অফিসার, ভোলা
- ৫। প্রধান শিক্ষক, শান্তির হাট ইসলামিয়া মাধ্যমিক বিদ্যালয়, ভোলা সদর, ভোলা
- ৬। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৭। অফিস কপি।